

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৮. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে সকল মর্যাদা প্রদান করা হয়েছে তার বর্ণনা

بَابٌ مَا أُعْطِيَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ الْفَضْلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبَادٍ، حَدَّثَنَا سُفِيَّانُ هُوَ ابْنُ عُيَيْنَةَ، عَنْ أَبْنِ جُدْعَانَ، عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "أَنَا أَوَّلُ مَنْ يَأْخُذُ بِحَلْقَةِ بَابِ الْجَنَّةِ فَأَقْعُدُهَا" ، قَالَ أَنَّسٌ: كَأَنِّي أَنْظُرُ إِلَيْيَّ يَدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحَرِّكُهَا، وَصَفَ لَنَا سُفِيَّانُ كَذَّا، وَجَمَعَ أَبُو عَبْدِ اللَّهِ أَصَابِعَهُ وَحَرَّكَهَا، قَالَ: وَقَالَ لَهُ ثَابِتٌ: مَسَسْتَ يَدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِكِ؟، قَالَ: نَعَمْ، قَالَ: فَأَعْطِنِيهَا أُفْلِلَهَا

إسناده ضعيف لضعف علي بن زيد بن جدعان

বাংলা

৫১. আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: আমিই সর্বপ্রথম জান্নাতের কড়া ধরে নাড়াবো। আনাস বলেন: আমি যেন দেখতে পাচ্ছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাত নাড়াচ্ছেন। (পরবর্তী বর্ণনাকারী বলেন) সুফিইয়ান আমাদেরকে এরূপই বর্ণনা করেছেন। আর আবু আব্দুল্লাহ হাতের আঙুলসমূহ একত্রিত করলেন এবং নাড়ালেন। তিনি বলেন: ছাবিত তাঁকে জিজেস করলেন, তুমি কি তোমার হাত দিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাত স্পর্শ করেছিলে? তিনি বলেন, হ্যাঁ। তিনি বলেন, তাহলে আমার দিকে আপনার হাতটা একটু বাড়িয়ে দিন, আমি তাতে চুম্বন করবো।’[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, এর বর্ণনাকারী আলী ইবনু যাইদ ইবনু জুদ' আনের দুর্বলতার কারণে। তবে 'জান্নাতের কড়া' নাড়ার হাদীস সহীহ যা ইমাম আহমাদ ৩/১৪৪, ২৪৭-২৪৮ এ বর্ণনা করেছেন।

তাখরীজ: তিরিয়মী ৩১৪৭; হুমাইদী ১২৩৮।

হাদিসের মান: সহিহ/য়েকে [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45816>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন